**AKASHVANI SILCHAR**

**REGIONAL NEWS UNIT**

**EVENING NEWS BULLETIN**

**BENGALI**

**DATE: 12 Apr. 26** **TIME: 7:45 PM**

---

১) কিংবদন্তী গায়িকা আশা ভোঁসলের ৯২ বছর বয়সে দেহাবসান ।

২) আগামী ১৬ এপ্রিল থেকে তিনদিনের সংসদের বিশেষ অধিবেশন ।

৩) নির্বাচনী আচরণবিধি ভঙ্গের অভিযোগে মধ্য গৌহাটী আসনের অসম জাতীয় পরিষদের প্রার্থী কুংকী চৌধুরীকে পানবাজার পুলিশে জিজ্ঞাসাবাদ ।

৪) কাছাড় জেলার বিভিন্ন গ্রাম ও শহরাঞ্চলে আজ প্রবল ঝড় ও বৃষ্টিপাতের ফলে ব্যাপক ক্ষয়ক্ষতি ।

---

কিংবদন্তী সঙ্গীত শিল্পী তথা পদ্মবিভূষণ পুরস্কারে সম্মানিত প্লেব্যাক সিঙ্গার আশা ভোঁশলের আজ মুম্বাইতে দেহাবসান ঘটে । তাঁর মৃত্যুতে সমগ্র দেশবাসী শোকস্তব্ধ হয়ে পড়েছে ।হৃদযন্ত্রের সংক্রমণের জন্য

গতকাল সন্ধ্যায় মুম্বাইয়ের একটি বেসরকারি হাসপাতালে তাঁকে ভর্তি করা হয়েছিল । বয়স হয়েছিল ৯২ । বেশ কয়েক দশক ধরে আধুনিক ভারতের সঙ্গীত জগতের অন্যতম শ্রেষ্ঠ কণ্ঠশিল্পী আশা ভোঁশলে ৯ বছর বয়সে তাঁর সঙ্গীতের যাত্রা শুরু করেছিলেন । ১৯৪৩ সালে তিনি প্রথম গান রেকর্ড করেছিলেন পরে হিন্দি চলচ্চিত্র জগতে তিনি বিশিষ্ট স্থান লাভ করতে সক্ষম হন ।

-- গান -

কিংবদন্তি গায়িকা লতা মঙ্গেশকরের ভগ্নী আশা ভোঁশলে বাংলা ,হিন্দী ,অসমীয়া ,মারাঠী ,গুজরাটী , ইংরাজী ভাষা সহ বিভিন্ন ভাষায় ১২ হাজারেরও বেশী গান রেকর্ড করেছিলেন । ২০০৯ সালে ওয়ার্লড রেকর্ডস একাডেমী নামের একটি আন্তর্জাতিক সংগঠন তাঁকে বিশ্বের সর্বাধিক গান রেকর্ড করা শিল্পী হিসেবে স্বীকৃতি প্রদান করে । তিনি ছায়াছবির গানের পাশাপাশি ভারতীয় শাস্ত্রীয় সঙ্গীত গজল , ভজন , রবীন্দ্রসঙ্গীত , বাংলা আধুনিক গান ইত্যাদি সহ প্রায় সবধরণের গান গেয়ে জনপ্রীয়তা অর্জন করেছিলেন । ভারত সরকার তাঁকে ২০০০ সালে দাদা সাহেব ফালকে পুরস্কার , ২০০৮ সালে পদ্ম বিভূষণ সম্মান প্রদান করে। ১৯৯৭ সালে তিনি প্রথম ভারতীয় হিসেবে গ্রেমী পুরস্কারের জন্য মনোনয়ন লাভ করেছিলেন । রাষ্ট্রপতি শ্রীমতী দ্রৌপদী মুর্মু উপরাষ্ট্রপতি সি পি রাধাকৃষ্ণণ , প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী , মহারাষ্ট্রের রাজ্যপাল জিষ্ণু দেববর্মা , মহারাষ্ট্রের মুখ্যমন্ত্রী দেবেন্দ্র ফাড়নাবিস সহ ছায়াছবি ও সঙ্গীত জগতের বহু বিশিষ্ট ব্যক্তি তাঁর মৃত্যুতে গভীর শোক প্রকাশ করেছেন ।আগামীকাল বিকেল চারটেয় মুম্বাইয়ের শিবাজী পার্কে তাঁর অন্তেষ্টিক্রিয়া সম্পন্ন করা হবে ।

আগামী ১৬ এপ্রিল থেকে তিনদিন ব্যাপী সংসদের বিশেষ অধিবেশন অনুষ্ঠিত হবে । এই অধিবেশনে সংসদে মহিলাদের জন্য আসন সংরক্ষণ সংশোধনী বিল সম্পর্কে আলোচনা করা হবে । প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এই সম্পর্কে বলেন যে মহিলাদের আসন সংরক্ষণ আইন কার্যকরী করার সময় এসেছে এবং ২০২৯ সালের নির্বাচনে মহিলাদের জন্য আসন সংরক্ষিত থাকবে বলে আশা করা হচ্ছে ।প্রধানমন্ত্রীর এই সম্পর্কে লোকসভা ও রাজ্যসভার সদস্যদের প্রেরণ করা এক পত্রে সংশোধনী বিলটি গৃহীত করার জন্য সবাইকে উপস্থিত থাকার আহ্বান জানান । ‘নারী শক্তি বন্দন অধিনিয়ম ’শীর্ষক এই আইন সমগ্র দেশে কার্যকর হওয়া প্রয়োজন বলে প্রধানমন্ত্রী মত প্রকাশ করেন । উল্লেখ্য এই আইনটি রূপায়নের পর লোকসভার সদস্য সংখ্যা ৮১৬ জনে বৃদ্ধি পাওয়া সহ মহিলাদের জন্য সংরক্ষিত আসনের সংখ্যা ২৭৩ এ বৃদ্ধি পাবে বলে জানা গেছে । ২০২৩ সালের সংবিধান সংশোধনীর মাধ্যমে লোকসভা ও রাজ্য বিধানসভা সমুহে মহিলাদের জন্য ৩৩ শতাংশ আসন সংরক্ষণএর কথা বলা হয়েছিল ।

---

ভারতীয় জনতা পার্টী আগামী ১৬ থেকে ১৮ এপ্রিল পর্যন্ত অনুষ্ঠেয় সংসদের অধিবেশনে দলের লোকসভা ও রাজ্যসভার সব সদস্যকে উপস্থিত থাকতে হুইপ জারি করেছে । দলটির প্রত্যেক সদস্য সভায় উপস্থিত থাকা বাধ্যতামূলক বলে উল্লেখ করে এই সময়ে তাঁদের জন্য কোনোধরণের ছুটি মঞ্জুর করা হবে না বলে জানানো হয়েছে । উল্লেখ্য মহিলার জন্য আসন সংরক্ষণ সংশোধন বিলটির প্রতি বিশেষভাবে গুরুত্ব আরোপ করে ১৬ এপ্রিল থেকে সংসদের তিনদিনের বিশেষ অধিবেশন আহ্বান করা হয়েছে । এক দলীয় বিজ্ঞপ্তিতে বিজেপির প্রত্যেক মন্ত্রী ও সাংসদকে এই অধিবেশনে নিশ্চিতভাবে উপস্থিত থাকতে আহ্বান জানানো হয়েছে ।

গুয়াহয়াটীর পাণবাজার পুলিশ নির্বাচনী আচরণবিধি ভঙ্গ করার অভিযোগে মধ্য গুয়াহাটী বিধানসভা আসনের অসম জাতীয় পরিষদের প্রার্থী কুংকি চৌধুরীকে আজ জিজ্ঞাসাবাদ করেছে ।কুংকি চৌধুরী নির্বাচনের সময় আচরণ বিধি ভঙ্গ করেছিলেন বলে একজন ব্যক্তি পাণবাজার থানায় এজাহার দাখিল করেছিলেন ।এই এজাহারের ভিত্তিতে পুলিশ আজ সকালে তাঁকে থানায় হাজির হওয়ার নির্দেশ জারি করে । তবে এ জেপি প্রার্থী সংবাদ মাধ্যমে নির্বাচনী আচরণবিধি ভঙ্গ করার অভিযোগ নাকচ করেন ।

---

সরকার ডিজেলের উপর আরোপিত রপ্তানী শুল্ক প্রতি লিটারে ২১ টাকা ৫০ পয়সা থেকে ৫৫ টাকা ৫০ পয়সায় বৃদ্ধি করেছে । অর্থ মন্ত্রকের পক্ষ থেকে জানানো হয়েছে যে বিমানের জ্বালানীর উপর আরোপিত রপ্তানী শুল্কও প্রতি লিটারে ২৯ টাকা ৫০ পয়সা থেকে ৪২ টাকায় বৃদ্ধি করা হয়েছে । অবশ্য পেট্রলের উপর কোন ধরনের রপ্তানী শুল্ক আরোপ না করার সিদ্ধান্ত বহাল থাকবে বলে মন্ত্রক জানিয়েছে ।

---

কাছাড় জেলার বিভিন্ন গ্রাম ও শহরাঞ্চলে আজ প্রবল ঝড় ও বৃষ্টিপাতের ফলে ব্যাপক ক্ষয়ক্ষতি হয়েছে । আজ দুপুরে শিলচর ও এর পাশ্ববর্তী অঞ্চলে প্রবল ঝড় ও বৃষ্টিপাতে অসংখ্য গাছপালা উপরে পড়া সহ বিদ্যুত পরিবাহী তাঁর ছিঁড়ে পড়ায় এবং বিদ্যুতের খুঁটি বেশ কয়েকটি এলাকায় দীর্ঘ সময় ধরে বিদ্যুত পরিষেবা ব্যাহত রয়েছে । পরিস্থিতির সঙ্গে মোকাবিলা করতে কাছাড় জেলা দুর্যোগ ব্যবস্থাপনা কর্তৃপক্ষ জরুরীকালীন সেবা

অব্যাহত রেখেছে এবং এ পি ডি সি এল বিদ্যুত পরিষেবা স্বাভাবিক করার জন্য তৎপর রয়েছে । শিলচর শহরের অফিস পারা অর্থাৎ জেলা আয়ুক্তের কার্যালয়ের সম্মুখে ,সার্কিট হাউস রোডের জেলা গ্রন্থাগার ভবনের বড় গাছ সহ মালুগ্রাম অঞ্চলে প্রকান্ড গাছ উপরে পড়ায় যাতায়াত ব্যবস্থা ব্যহত হয়েছে । স্থানে স্থানে যানবাহন ও বাসগৃহের ওপর গাছপালা উপড়ে পড়ায় ব্যাপক ক্ষতিসাধন হয়েছে বলে আমাদের সংবাদদাতা জানিয়েছেন ।
এদিকে জেলার কাটিগড়া অঞ্চলেও প্রচন্ড ঝড় বৃষ্টির ফলে বেশ কয়েকটি বাসগৃহ ভেঙ্গে পড়ার খবর পাওয়া গেছে । কাছাড় জেলা দূর্যোগ ব্যবস্থাপনা কর্তৃপক্ষ পরিস্থিতির ওপর দৃষ্টি রাখা সহ জনসাধারণকে সচেতন থাকতে আহ্বান জানিয়েছে । বিদ্যুত বিভাগ বিদ্যুত পরিষেবা দ্রুত স্বাভাবিক করতে কাজ করে যাচ্ছে । তবে ক্ষয়ক্ষতি পরিস্থিতি স্বাভাবিক হতে কিছু সময়ের প্রয়োজন হবে বলে প্রশাসনের পক্ষ থেকে জানানো হয়েছে ।

---

কাছাড় জেলায় আজ সকাল নটা ২১ মিনিটে চার দশমিক তিন প্রাবল্যের ভূকম্পন অনুভূত হয়েছে । এর উৎসস্থল ছিলো কাছাড় জেলার বরজালেঙ্গায় এবং ভূপৃষ্ঠের ৫ কিলোমিটার গভীরে । তবে কোনো ক্ষয়ক্ষতির খবর এপর্যন্ত পাওয়া যায়নি ।

---

অষ্টম পুরুষ-মহিলা জাতীয় যুব বক্সিং প্রতিযোগীতা আগামীকাল থেকে গুয়াহাটীতে শুরু হবে । দেশের ৩৩টি রাজ্যের প্রায় ৮শ জন খেলোয়াড় , প্রশিক্ষক এবং কারিগরী আধিকারীক এই প্রতিযোগীতায় অংশগ্রহন করবেন । অসম এমেচার বক্সিং সংস্থার সভাপতি সিদ্ধার্থ ভট্টাচার্য্য আগামীকাল এই প্রতিযোগীতার উদ্বোধন করবেন । বক্সিং ফেডারেশন অব ইন্ডিয়ার সহযোগীতায় অসম এমেচার বক্সিং সংস্থা আয়োজিত এই প্রতিযোগীতা থেকে যুব অলিম্পিক্স গেমস এবং বিশ্ব চ্যাম্পিয়ানশিপের জন্য ভারতীয় পুরুষ-মহিলা বক্সিং দল বাছাই করা হবে । সোনাপুরের অসম ডনবস্ক

বিশ্ববিদ্যালয়ে আয়োজিত এই প্রতিযোগীতার জন্য ১০টা ওজন শাখায় ২৭৪ জন পুরুষ এবং ২৪০ জন মহিলা প্রতিযোগী নাম পঞ্জীয়ন করেছে । আগামী ১৯শে এপ্রিল পর্য্যন্ত এই প্রতিযোগীতা চলবে ।

---

নতুন দিল্লীতে অনুষ্ঠিত এশিয়ান সিনিয়র এবং ২৫ বছর অনুর্ধ এশিয়ান লন বল প্রতিযোগীতায় দেশের প্রতিনিধিত্ব করা ১৪ জনের দলের আসামের কয়েকজন খেলোয়াড় পদক অর্জন করতে সক্ষম হয়েছে । নয়নমণি শইকিয়া মহিলাদের এবং পুতুল সনোয়াল পুরুষদের সিংগলসে সোনার পদক অর্জন করেছেন । প্রতিযোগীতায় নয়নমণি এবং পুতুল ছাড়াও জয়ন্ত শর্মা পুরুষদের বিভাগে রূপর পদক অর্জন করে । সুরঞ্জনা বরুয়া ২৫ বছর অনুর্ধ মেয়েদের সিংগলস এবং বিটু দাস ছেলেদের সিংগলসে ব্রোঞ্চের পদক অর্জন করেছে ।

---

ডিমা হাসাও জেলা প্রশাসনের উদ্যোগেও গতকাল থেকে হাফলং-এ তিনদিনের অসমী বহাগী মেলা শুরু হয়েছে । এই মেলায় লোক সঙ্গীত , বিহু নৃত্য এবং পরম্পরাগত নৃত্যকে ধরে রাজ্যের কলা-কৃষ্টি সংস্কৃতি তুলে ধরা হচ্ছে । মেলায় জেলার বিভিন্ন প্রান্তের মহিলা আত্ম-সহায়ক গোষ্টীর মহিলা সদস্যদের দ্বারা প্রস্তুত করা পিঠা-পুলি , হস্ত শিল্প , বস্ত্র সহ বিভিন্ন সামগ্রী বিক্রির ব্যবস্থা করা হয়েছে ।

অসম গ্রামীন জীবিকা মিশনের উদ্যোগে এবং কাছাড় জেলা প্রশাসনের সহযোগীতায় শিলচরেও গতকাল থেকে অসমী বহাগী মেলা শুরু হয়েছে । আগামীকাল এই মেলা শেষ হবে ।

---